

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ক) 'ইছামতী' উপন্যাসে বিভূতিভূষণের নিসর্গমগ্নতার যে ছবি পাওয়া যায় তা বুলিয়ে দাও।
- খ) 'মায়ামৃদঙ্গ' উপন্যাসের নামকরণের সার্থকতা পর্যালোচনা করো।
- গ) 'আলকাপ শুধু নামে বেঁচে আছে' — দ্বিতীয় সংস্করণে 'মায়ামৃদঙ্গ' উপন্যাসে লেখকের এই মন্তব্যটি কতটা যুক্তিযুক্ত বলে তোমার মনে হয়?
- ঘ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে গ্রাম সমাজের যে বিবর্তন দেখানো হয়েছে তা নিজের ভাষায় লেখো।

২০২৫

বাংলা

(অনার্স)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-11

(বাংলা উপন্যাস)

[CBCS]

(পুরাতন পাঠক্রম)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

- ক) 'ধন্য রাজা সীতারাম বাংলা বাহাদুর...'—কার সংলাপে এই ছড়ার প্রসঙ্গ এসেছে? দিনু বুড়ি কে?
- খ) 'নবুগাজি এসে রাজারামের পা দুটো জড়িয়ে ধরলে' — নবু গাজি এবং রাজারাম কে? কেনই বা নবুগাজি রাজারামের পা জড়িয়ে ধরলেন?
- গ) 'নীল মোরা আর বোনবো না সাহেব/মোদের মেরেই ফেলুন আর যে সাজাই দ্যান/' — কে কাকে একথা বলেছে?

- ঘ) 'ইছামতী' উপন্যাসটি কবে কোথা থেকে প্রকাশিত হয়? এই উপন্যাসের জন্য লেখককে কোন্ পুরস্কারে ভূষিত করা হয়?
- ঙ) 'অন্ধকারেই পরাণপাখি সেই দ্যাশেতে যায় রে' — কে কোথায় এই ছড়া কেটেছিল?
- চ) 'আমি ভাঙা দালান, ওরা বটের চারা। আমার বুক ফাটিয়ে একদিন মাথা তুলবে আকাশে উঁচুতে।' — উক্তিটি কার? কোন প্রসঙ্গে তিনি এই উক্তি করেছেন?
- ছ) "ঝড় এসেছে। পে-ল-য় ঝড় আসছে, 'সাকোলন' 'সাইকোলন' — কলকাতা থেকে চমুনপুরের ইষ্টিশনে তার এসেছে।" — কে বলেছে? বক্তার পোষাকের বর্ণনা দাও।
- জ) 'মায়ামৃদঙ্গ' উপন্যাসে কোন লোকগানের প্রসঙ্গ রয়েছে? এই লোকগানের ভৌগোলিক বিস্তৃতি উল্লেখ করো।
- ঝ) 'বেশ মজবুত মুনিষ/লম্বা চঙের চেহারা — লম্বা চঙের ইম্পাতে গড়া মানুষ।' — কার কথা বলা হয়েছে? তার আনুমানিক বয়স কত?
- ঞ) 'ওই সুচাঁদ এবং আমি বসে গল্প করেছি আর বিড়ি টেনেছি।' — কে কোন প্রসঙ্গে কোথায় এই মন্তব্য করেছেন? সুচাঁদ এর পরিচয় দাও।
- ট) 'আমাকে বাঁচাবে না সোনাদা?' — কে বলেছে? সোনাদা কে?
- ঠ) উপন্যাসের বর্ণনা অনুযায়ী হাঁসুলী বাঁকের ভৌগোলিক অবস্থান উল্লেখ কর।

- ড) কাদের আলির ডাক নাম কী? সে কী বাজাত?
- ঢ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের দৃশ্যপট কোথায় কোথায়?
- ণ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটির প্রকাশকাল উল্লেখ করো। গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছিল?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) 'উপকথার কোপাইকে ইতিহাসের গঙ্গায় মিশিয়ে দেবার পথ কাটছে। নতুন হাঁসুলী বাঁক।' — 'নতুন হাঁসুলী বাঁক' — প্রসঙ্গটি বিশ্লেষণ করো।
- খ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে কাহারদের জীবন যাপন সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।
- গ) 'ভগবানের একটি অপূর্ব শিল্প এর দুই তীর...' — দুই তীর 'অপূর্ব শিল্প' কীভাবে একাকার হয়ে গেছে আলোচনা করো।
- ঘ) 'ইছামতী' উপন্যাসের পটভূমি ও সময়কাল সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।
- ঙ) 'এই উপন্যাস তাই নিতান্ত একটা আত্মবিস্ফোরণ' — মন্তব্যটির আলোকে 'আত্মবিস্ফোরণ' কীভাবে 'মায়ামৃদঙ্গ' উপন্যাসে এসেছে তা দেখাও।
- চ) 'ইছামতী' উপন্যাসের রাজারাম চরিত্রটির একটি সংক্ষিপ্ত মূল্যায়ন করো।